যুগান্তর

তারিখ 16 MAR 2003
পৃষ্ঠা 8 কলাম 9

## স্কুল ভবন নির্মাণ প্রয়োজন

নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলাধীন কাদিরপুর উচ্চ বিদ্যালয়টির বর্তমানে জীর্ণদশা। প্রতিষ্ঠাকাল থেকে এ পর্যন্ত স্কুলটিতে তেমন উন্নয়নের ছোঁয়া লাগেনি। তিন রুমের একটি সেমিপাকা ভবন বাদে ছাত্রছাত্রীদের টিন ও বেড়াবেষ্টিত কামরায় বসে পড়াশোনা করতে হচ্ছে। বলা বাহুল্য, একটি প্রাচীন ও ঐতিহ্যবাহী স্কুল হওয়া সত্ত্বেও ছাত্রছাত্রীরা সুবিধাবঞ্চিত। টুল-টেবিলের সংখ্যাও অপ্রতুল। এ অবস্থায় শিক্ষার্থীদের নির্বিঘ্নে অধ্যয়নের জন্য একটি ভবন নির্মাণ তাদের দীর্ঘদিনের দাবি। কর্তৃপক্ষকে বিষয়টির গুরুত্ব অনুধাবন করে আন্তরিক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।

**আবদুল্লাহ-আল-মোহন**
নবীরটেক, কাদিরপুর, বেগমগঞ্জ